# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 28 June, 2025

প্রেমের গান মানেই অনেকের কাছে অরিজিৎ সিং।বাংলা বা হিন্দি– দুই ভাষাতেই তাঁর কণ্ঠে মিশে আছে ভালোবাসা, ব্যথা আর অনুভবের সুর। কিন্তু এ গায়ক মাঝেমধ্যেই ভিন্নধারার সংগীত পরিবেশন করে শ্রোতাদের চমকে দেন।যেমন ২০১২ সালে কৌশিক গঙ্গোপাধ্যায়ের ‘খাদ’ সিনেমায় ইন্দ্রদীপ দাশগুপ্তের সুরে দ্বিজেন্দ্রলাল রায়ের ‘ওই মহাসিন্ধুর ওপার থেকে’-এর অনুপ্রেরণায় গাওয়া তাঁর ‘দেখো আলোয় আলো আকাশ’ গানটি আজও শ্রোতাদের মনে জায়গা করে আছে।

২০২৩ সালে কবি শ্রীজাতর প্রথম সিনেমা ‘মানবজমিন’-এ আবারও এক অন্যধারার চমক দেন অরিজিৎ।তিনি কণ্ঠ দেন রামপ্রসাদ সেনের বিখ্যাত শ্যামাসংগীত ‘মন রে কৃষিকাজ জানো না’-তে।এই গানটিও বাঙালি শ্রোতারা গ্রহণ করেন পরম মমতায়।

এবার কীর্তনের পথে

সেই ধারাবাহিকতায় এবার রথযাত্রার মৌসুমে টালিপাড়ায় গুঞ্জন—সৃজিত মুখোপাধ্যায়ের নতুন সিনেমা ‘লহ গৌরাঙ্গের নাম রে’-তে অরিজিৎ সিংয়ের কণ্ঠে শোনা যাবে কীর্তন। সৃজিত ও অরিজিৎ—এই জুটির মধ্যে বহু সুপারহিট গানের ইতিহাস রয়েছে, তাই নতুন কিছু শোনার আশায় শ্রোতারা অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

সিনেমাটি মুক্তি পাবে চলতি বছরের শীতে, এবং এটি মূলত চৈতন্যদেবের ভাবধারায় নির্মিত একটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র।

## শুধু অরিজিৎ নন, থাকছেন শ্রেয়া ও জয়তীও

শুধু অরিজিৎ নন, এই সিনেমার জন্য কীর্তন গাইবেন আরও দুই গুণী কণ্ঠশিল্পী—শ্রেয়া ঘোষাল ও জয়তী চক্রবর্তী। শ্রেয়া ঘোষাল আগে কখনও কীর্তন না গাইলেও, সৃজিতের সিনেমায় নিয়মিত থাকেন তিনি। জয়তী চক্রবর্তীও এর আগে সৃজিতের পরিচালনায় 'রবীন্দ্রনাথ এখানে কখনো খেতে আসেননি' সিরিজে 'বঁধু মিছে রাগ করো না' গানে শ্রোতাদের মুগ্ধ করেছিলেন। নতুন সিনেমায় তিনি 'নটী বিনোদিনী' নাটকের অংশ হিসেবে একটি কীর্তনে কণ্ঠ দেবেন।

এছাড়া থাকছেন পদ্ম পলাশ—একজন লীলাকীর্তনের পরিবেশক, যিনি তাঁর নিজস্ব ঢঙে সিনেমায় কীর্তনের আবহ তৈরি করবেন।

সংগীত ও সাধনার এক অনন্য মেলবন্ধন হতে যাচ্ছে 'লহ গৌরাঙ্গের নাম রে'। এই প্রথমবার কীর্তনের মতো ধার্মিক ঘরানার গানে জনপ্রিয় তারকাদের অংশগ্রহণ নতুন মাত্রা যোগ করবে বাংলা চলচ্চিত্র-সংগীতে। শ্রোতারা যেমন নতুন স্বাদ পাবেন, তেমনই প্রমাণিত হবে—সঙ্গীত, যদি হয় হৃদয়ের, তার কোনো বাঁধা থাকে না।

অরিজিৎ সিং সংগীত কীর্তন শ্রেয়া জয়তী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:40

URL: https://www.timestodaybd.com/entertainment/3843775807